গাংনীতে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে মাদকবিরোধী অভিযান চালিয়ে দেড় কেজি গাঁজাসহ মারফত আলী
(৩২) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শনিবার সন্ধার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে থেকে মারফত আলীকে গ্রেফতার করা হয়। মারফত আলী গাংনী উপজেলার জোড়াঘাট গ্রামের ইনারুল ইসলাম এর ছেলে।

জানা গেছে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির পরিদর্শক তরিকুল ইসলামের নেতৃত্বে সঙ্গীয় এসআই অজয় কুমার কুন্ডু,এএসআই হেলাল উদ্দিনসহ ডিবির একটি দল সহড়াতলা গ্রামে অভিযান চালায়।

এসময় মারফত আলীকে গ্রেপ্তার করেন। তার কাছ থেকে দেড় কেজি গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। তার বিরুদ্ধে খুন, ডাকাতি, মাদকসহ ৬টি মামলা আদালতে বিচারাধীন আছে।

কোটচাঁদপুরে দশম শ্রেণীর ছাত্রীর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে মোছাঃ পান্না খাতুন (১৫) নামে দশম শ্রেণীর এক স্কুল শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে পৌর শহরের সলেমানপুর দফাদার পাড়ায় এঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। শিক্ষার্থী পান্না ওই গ্রামের মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে।

বিষয়টি নিশ্চিত করে থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান জানান, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী সলেমানপুর গ্রামের দফাদার পাড়ার মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে পান্না খাতুন নিজের ঘরে বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে অভিমান করে ঘরের বাশেঁর সাথে গলায় রশি দিয়ে ফাঁস দেয়।

এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এসময় তার বাবা-মা পান্নার নানা বাড়ি পার্শ্ববর্তী উপজেলা মহেশপুরে ছিল। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়।

প্রাথমিকভাবে পুলিশের ধারনা প্রেম ঘটিত কারনে আত্মহত্যা করতে পারে। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

মেহেরপুরে ফেন্সিডিল রাখার অপরাধে দুই জনের ৪ বছর জেল

মেহেরপুরে ফেন্সিডিল রাখার অপরাধে আরিফুল ইসলাম ও মাহমুদুল হাসান নামের দুই ব্যাক্তির ৪ বছর করে জেল দিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এ রায় ঘোষনা করেন। রায় ঘোষনার সময় আরিফুল ইসলাম আদালতে উপস্থিত থাকলে অপর আসামি মাহমুদুল হাসান পলাতক ছিলেন।

দণ্ডপ্রাপ্ত আরিফুল ইসলাম পাবনা জেলা বেড়া এলাকার বাসিন্দা।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৪ সালে ৪০ বোতল ফেন্সিডিলসহ আরিফুল ইসলাম ও মাহমুদুল হাসানকে আটক করে পুলিশ।

বিস্তারিত…

শৈলকুপায় পৃথক দুটি ঘটনায় প্রতিপক্ষের অস্ত্রের আঘাতে আহত ৮

জমিজমা ও তরিতরকারির দোকান দেওয়া কে কেন্দ্র করে পৃথক দুটি ঘটনায় প্রতিপক্ষের হামলায় ৮ ব্যক্তি গুরুত্বর আহত হয়েছে। জানা গেছে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার, শৈলকুপা কাছা বাজারের হাট চান্দিনা ঘরে তরিতরকারির দোকান দেওয়া কে কেন্দ্র করে গত শনিবারে হাকিমপুর গ্রামের লস্কার পাড়ার শাহিনুরের সাথে একই গ্রামের মুরাদ হোসেনের ঝগড়া হয়।

তার জের ধরে রবিবার রাত আনুমানিক ৯টার দিকে শাহিনুরের বাড়িতে মুরাদ , রাফি, আশিক ও শাহিনসহ ১০/১২ জন অর্তকিতভাবে হামলা করে । হামলায় সেলিম লস্কার (৫৫) ও তার তিন ছেলে ইলিয়াস হোসেন (২৮), সৌরভ হোসেন (২০) , শাহিনুর হোসেন (২৫) সহ একই পরিবারের ৪ জন গুরুত্বরভাবে আহত হয় ।

আহত ব্যক্তিদের চিকিৎসার জন্য শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক ইলিয়াস হোসেন ও সৌরভ হোসেন কে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেলে রেফাড করেন । তাদের অবস্থা আশঙ্কাজনক বলে তার চাচাত ভাই আরব আলী জানান।

এদিকে সোমবার দুপুর ১২টার দিকে জমিজমা কে কেন্দ্র করে উপজেলার শিতালীডাঙ্গা গ্রামে চাচাত ভাইরা রামদা দিয়ে কুপিয়ে সাহাজত হোসেন (৩২) ও তার পিতা আজিজুল শেখ (৫৮) সহ ৩ ব্যক্তি কে গুরুত্বর ভাবে আহত করেছে। আশঙ্কাজনক অবস্থায় আহত ব্যক্তিদের কুস্টিয়া মেডিকেল হাসপাতালে ও শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

এ ব্যাপারে আহত সাহাজত হোসেন বলেন আমার চাচাত ভাইরা পূর্বপরিকল্পিতভাবে ও জমিকে কেন্দ্র করে আমাদের হত্যার উদ্দেশ্যে রামদা দিয়ে কুপিয়ে আহত করে।

এব্যাপারে শৈলকপা থানার ওসি তদন্ত মহাসিন হোসাইন জানান হাকিমপুরের ঘটনায় মামলার প্রস্তুতি চলছে এজাহার দিলে মামলা হবে , তবে শিতালীডাঙ্গা গ্রামের ঘটনা আমি জানিনে। এদিকে পৃথক দুটি ঘটনায় প্রতিপক্ষের রামদা ও চাকুর আঘাতে দুই গ্রামে ৮ ব্যক্তি আহত হওয়ায় গ্রাম দুটিতে উত্তেজনা বিরাজ করছে।

চুয়াডাঙ্গায় ভোক্তা অধিকার আইনে স্যামসাং শোরুমে অভিযান! জরিমানা আদায়

অভিযোগ আপনার, প্রতিকার দিবে ভোক্তা অধিকার। এই শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার আইনে স্যামসাং শোরুমে অভিযান পরিচালনা করা হয়েছে। সোমবার সাড়ে বারোটার সময় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্ব চুয়াডাঙ্গা মালিক টাওয়ারে স্যামসাং শোরুমে এই অভিযান পরিচালনা করা হয়।
এ সময় ভোক্তা অধিকার কর্মকর্তা সজল আহমেদ বলেন ম্যানেজার ইফতেখার আহমেদ কিছুদিন আগে ফ্রিজ বিক্রয়ের সময় একজন ক্রেতার কাছে একটি স্যামসাং স্ট্যাবিলাইজারও বিক্রয় করেন। পরে ক্রেতা সেটি বাসায় সেট করার পর দেখেন কোন কাজ করছে না। রবিবার ভোক্তা অধিকারের কাছে একটি লিখিত অভিযোগ দেন ক্ষতিগ্রস্ত ক্রেতা ।

সোমবার সরেজমিন স্যামসাং শোরুমে গিয়ে দেখা যায় স্যামসাং স্ট্যাবিলাইজারটি নকল। স্যামসাং এর বাজারজাতকারী ইলেক্ট্রা ইন্টারন্যাশনাল এর হেড অফ সেলস এন্ড মার্কেটিং এর সাথে কথা বলে বিষয়টি নিশ্চিত হওয়া যায়। তিনি বলেন বাংলাদেশে স্যামসাং ব্রান্ডের কোন স্ট্যাবিলাইজার তারা বিক্রয় করেন না।

ম্যানেজার ইফতেখার আহমেদ নিজেও স্বীকার করেন প্রডাক্টটি নকল এবং অনেক বছর ধরে তিনি শোরুমের অথোরাইজড প্রডাক্টের আড়ালে নিজস্ব ব্যবসা হিসেবে এই নকল স্ট্যাবিলাইজার উচ্চ মুল্যে বিক্রয় করে আসছেন। উক্ত অপরাধে ম্যানেজার ইফতেখার আহমেদকে ভোক্তা অধিকার

সংরক্ষণ আইন-২০০৯ অনুযায়ী ৪০,০০০/- টাকা জরিমানা করা হয় এবং আইন অনুযায়ী অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১০,০০০/- টাকা জেলা প্রশাসক চুয়াডাঙ্গা নজরুল ইসলাম সরকারের মাধ্যমে প্রদান করা হয়।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের মাদকবিরোধী অভিযান আটক-১

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান ও যৌথ মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয়েছে। এই অভিযান পরিচালনা করেন সদর উপজেলা প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার বিকাল চারটার সময় ইউনুছ আলী তোতা নামের এক মাদকসেবির বাড়িতে অভিযান চালানো হয়। এসময় তার কাছ থেকে উদ্ধার করা হয় ১ অ্যাম্পিল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন। অভিযান চালিয়ে তাকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

পরে ভ্রাম্যমাণ আদালতে জেল ও জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত ইউনুছ আলী তোতা ওই এলাকার মৃত আব্দুল জলিলের ছেলে। ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, সোমবার বেলা চারটার সময় গোপণ সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ সঙ্গীয় ফোর্স নিয়ে ইউনুছ আলীর বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে।

এসময় ইউনুছ আলীর দেহ তল্লাশি চালিয়ে ১ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করা হয়। পরে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১শ’ টাকা জরিমানা করা হয়।

সাজাপ্রাপ্ত ইউনুছ আলীকে জেলহাজতে পাঠানো হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের সহযোগিতায় ছিলেন পেশকার সোবহান আলী।বাংলাদেশ আনসার ও ভিডিপির সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গার আড়িয়া গ্রামে প্রবাসির স্ত্রীকে নিয়ে লাপাত্তা রোকন

চুয়াডাঙ্গার আড়িয়া গ্রামের প্রবাসীর স্ত্রীকে নিয়ে লাপাত্তা হয়েছেন একই গ্রামের যুবক রোকন উদ্দিন। এ ঘটনায় ছেলে ও মেয়ের পরিবার একত্রিত হয়ে দর্শনা থানায় রোকনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ৬২ আড়িয়া গ্রামের নুর মোহাম্মদের ছেলে সৌদি প্রবাসি রাজুর সাথে ৪ মাস আগে মোবাইলে বিয়ে হয় একই গ্রামের বিশারতের মেয়ে রুমানা খাতুনের সাথে। স্বামী বাড়িতে না থাকার সুযোগে একই গ্রামের ফজলুর ছেলে রোকন উদ্দিন পরকিয়া সম্পর্ক গড়ে তোলেন তার সাথে ।

মনদেয়া নেয়ার একপর্যায় গত শনিবার রাতে নগদ ১ লাখ টাকা, তিনভরি সোনার গহনা একটি দামি মোবাইল ফোন নিয়ে অজানার উদ্দেশ্যে পাড়ি জমিয়েছে তারা।

এদিকে মেয়ের বাবা তার মেয়েকে অপর দিকে ছেলের বাবা তার ছেলের বৌকে ফিরে পেতে রোববার উভয় পরিবার একত্রিত হয়ে অভিযুক্ত রোকনের বিরুদ্ধে দর্শনা থানায় অভিযোগ দায়ের করেছেন।

ঝিনাইদহে স্বর্ণালংকারসহ ১ জন আটক

ঝিনাইদহে পাচারের সময় প্রায় ৫০ লাখ টাকা মুল্যের স্বর্ণালংকারসহ রফিকুল ইসলাম (৩৬) নামের এক ব্যক্তিকে আটক করেছে গোয়েন্দা পুলিশ।

শুক্রবার সকালে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা সদর জেলার সরকারী ভেটেরিনারী কলেজের সামনে থেকে তাকে আটক করা হয়। সে চাঁদপুর জেলার হাজিগঞ্জ গ্রামের আব্দুল মোমিনের ছেলে।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান, চুয়াডাঙ্গা থেকে ঢাকায় স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সরকারী ভেটেরিনারী কলেজের সামনে চেকপোস্ট বসায় গোয়েন্দা পুলিশ।

সেসময় চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী রয়েল পরিবহনের বাসে তল্লাসী করে রফিকুল ইসলামকে আটক করা হয়। পরে তার দেহ তল্লাসী করে উদ্ধার করা হয় ১ কেজি ৪শ’ ২৫ গ্রাম স্বর্ণ। এই স্বর্ণ অলঙ্কার চুয়াডাঙ্গা জেলার বারোবাজার এলাকা থেকে ঢাকার ধোলাইখাল এলাকায় নিয়ে যাওয়া হচ্ছিল।

তার বিরুদ্ধে মামলা করে থানায় সোপর্দ করা হয়েছে। ডিবি ওসি জানান, ১ কেজি ৪শ’ ২৫ গ্রাম এই স্বর্ণালংকারের মধ্যে কিছু পাথরও রয়েছে। সেই সাথে ১৮ ও ২২ ক্যারেটের স্বর্ণ রয়েছে।

ঝিনাইদহ মহেশপুর ৫৮ বিজিবি’র অভিযান ১ কেজি গাঁজাসহ বিকাশ আটক

ঝিনাইদহ মহেশপুর ৫৮ বিজিবি আওতাধীন উথলী বিওপি ক্যাম্পের সদস্যরা চুয়াডাঙ্গার আড়িয়া গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়েছে। অভিযান

চালিয়ে গ্রামের চিহ্নিত মাদক সম্রাট বিকাশ চন্দ্র সাহাকে আটক করেছে।

আটককৃত বিকাশের বিরুদ্ধে মামলা দায়ের পূর্বক দর্শনা থানায় সোপর্দ করেছে বিজিবি। পালিয়ে গেছে একই গ্রামের হারুন ও ওহেদ আলী।

ঝিনাইদহ মহেশপুর ৫৮ বিজিবি’র আওতাধীন উথলী বিওপি ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার ভোর ৫টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ৬২ নং আড়িয়া গ্রামে। এসময় বিজিবি সদস্যরা গ্রামের মৃত গোরসাহার ছেলে শ্রী বিকাশ চন্দ্র সাহার বাড়ি তল্লাশী করে ১ কেজি গাঁজা উর্দ্ধার করেন। সেই সাথে আটক করেন বিকাশকে (৩৫)।

গ্রামবাসি জানায়, বিকাশ দীর্ঘদিন প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে মাদকের কারবার চালিয়ে আসছিলো। আটককৃত বিকাশের বিরুদ্ধে মামলা দায়ের পূর্বক মালামালসহ দর্শনা থানায় সোপর্দ করেছে বিজিবি। অপর দিকে বিজিবির উপস্থিতি টের পেয়ে বিকাশের সহযোগি একই গ্রামের আওলাদের ছেলে হারুন ও মৃত আব্দুর রহমানের ছেলে ওহেদ আলী পালিয়ে গেছে বলে গ্রামবাসি জানিয়েছে।

কোটচাঁদপুরে দুই শ্রমিককে হাতুড়ি পিটা করলো সাবেক বিজিবি সদস্য

ঝিনাইদহের কোটচাঁদপুর পল্লিতে পাওনা টাকা চাওয়ায় দুই রাইচ মিল শ্রমিক কে হাতুড়ি দিয়ে পিটিয়ে আহত করেছে হাফিজুর রহমান নামে এক সাবেক বিজিবি সদস্য।

বৃহস্পতিবার সকালে উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরামনগর গ্রামে এই ঘটনা ঘটে। আহতরা হলেন, উপজেলার বলরামনগর গ্রামের মৃত মহিম উদ্দিনের ছেলে আজিজুল হক (৩২) ও খালিশপুরের পুরুন্দপুর গ্রামের

নামির উদ্দিনের ছেলে শরিফ উদ্দিন (২৫)।

এঘটনায় আহতের স্ত্রী বাদী হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেছেন। পুলিশ ঘটনাস্থল থেকে অভিযুক্তকে আটক করেছে।

আহত ভুক্তভোগী শ্রমিক আজিজুল জানান, চতুরপুর গ্রামের মৃত মতলেব বিশ্বাসের ছেলে সাবেক বিজিবি সদস্য হাফিজুর রহমানের চাউলের মিলে দীর্ঘদিন যাবত শ্রমিকের কাজ করি।

ওখানে কাজ করা অবস্থায় আরেক শ্রমিক মহেশপুরের বুজতলা গ্রামের উজ্জল হালদারকে কিছু টাকা হাওলাদ দিয়। বিভিন্ন সময়ে পাওনা টাকা চাইতে গেলে সে বলে, পারলে আদায় করে নে।

বেশ কিছুদিন যাবৎ হাফিজুরের মিলে কাজ ছেড়ে তারই আপন ভাই শফিকুলের একটি চাউলের মিলে শ্রমিকের কাজ করছি। আমার টাকা প্রয়োজন হওয়ায় বৃহস্পতিবার সকালে উজ্জলের কাছে ফোনে টাকা চায়।

এ সময় সে গালাগালি করে। আমিও তাকে গাল দিয়। কিছুক্ষণ পরে শফিকুলের চাউলের মিলে এসে বিজিবি হাফিজুর একটি হাতুড়ি দিয়ে আমার সহকারি শ্রমিক শরিফকে পিটাতে থাকে। আমি বাধা দিতে গেলে সে আমাকেও হাতুড়ি দিয়ে পিটিয়ে গুরতর আহত করে।

এসময় স্থানীয়রা আমাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন। পরে এলাকাবাসী হাফিজুরকে একটি ঘরে আটকে রেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থল থেকে হাফিজুরকে আটক করে।

বিষিয়টি নিশ্চিত করে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, এঘটনায় আহতের স্ত্রী ঝর্না বেগম বাদী হয়ে থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলা নং-০৪। পুলিশ ঘটনাস্থল থেকে আসামী হাফিজুরকে আটক করেছে।